মাদক আর মোবাইল আসক্ত থেকে ফেরাতে খেলাধুলার বিকল্প নেই

হলধর দাস, নরসিংদী- স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান নরসিংদী সানবীম স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত শনিবার নরসিংদী সরকারি কলেজ মাঠে অত্যান্ত আনন্দমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়। নরসিংদী সানবীম স্কুল আয়োজিত এ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নরসিংদী সদর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মনজুর এলাহী। উদ্বোধক ছিলেন মান্নান ভূইয়া বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও সভাপতি ডক্টর এসএম শাহান শাহ্ শাহীন। বিশেষ অতিথি ছিলেন নরসিংদী জেলা যুবদলের সভাপতি মহসীন হোসাইন বিদ্যুৎ, নরসিংদী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সাবেক পরিচালক মোঃ রাসেল বিন হাসানাত ।
উপস্থিত ছিলেন নরসিংদী শহর বিএনপির ২নং ওয়ার্ড শাখার সিনিয়র যুগ্ম সম্পাদক অন্নয় হাসান রুবেল।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ও স্বাগত বক্তব্য রাখেন নরসিংদী সানবীম স্কুলের প্রতিষ্ঠাতা ও অধ্যক্ষ মোমতাজ উদ্দিন আহমেদ। বিচারক মন্ডলীর দায়িত্বে ছিলেন বিদ্যালয় পরিচালনা পরিষদ এর সদস্য জহিরুল হক, জাহাঙ্গীর প্রধান, মোঃ নূরুল ইসলাম (নূর চান) ও শফিক আহমেদ। সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন নরসিংদী সানবীম স্কুলের নরসিংদী সানবীম স্কুলের পরিচালক সাইফুল ইসলাম সরকার।
ক্রীড়া পরিচালনা করেন এ বিদ্যারয়ের ক্রীড়া শিক্ষক আতিকুল ইসলাম, সহকারি শিক্ষক মোঃ দেলোয়ার হোসেন, মোহাম্মদ হারিজুল মিয়া, তৌফিক হোসেন, ফলাফল সংগ্রহে ছিলেন প্রধান শিক্ষক কাজী আফরোজা, সহকারি শিক্ষক আঃ আউয়াল হোসেন, শামীমা সুলতানা, মীম দিপা, মনোয়ার, শফিকুল, শিলা, সুলতানা, হ্যাপী, জুঁই, ফাহিম, হারুন মিয়া, জাহিদ। ধারা বর্ণনায় ছিলেন সহকারি শিক্ষক আল আমীন ও সায়মা ইসলাম।
পুরস্কার সংরক্ষণে ছিলেন সহকারি শিক্ষক শ্যামলী, মলি, গীতা, লিজা, রহিমা, সানজিদা চৌধুরী। প্রধান অতিথি মন্জুর এলাহী বলেন, ছাত্র ছাত্রীদের পড়া লেখার পাশাপাশি অবশ্যই খেলাধুলা করাতে হবে। কারণ সুস্থ থাকার জন্য খেলাধুলার বিকল্প নেই। বর্তমানে যেভাবে মাদকের ছোবল ও মোবাইল ফোন আসক্ত থেকে যুব সমাজকে রক্ষা করতে খেলাধুলার বিকল্প নেই। এছাড়া খেলাধুলা মনোজগতের উন্নতি ঘটায়।

#